

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়

**বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন**

নিরীক্ষা বিভাগ, ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

Email: [chiefauditbscic@gmail.com](mailto:chiefauditbscic@gmail.com) ফোন : ০২-৯৫৬০৬৬৫

স্মারক নং-৩৬.০২.০০০০.০৩১.০২.৪৮২.২০/৬৪২(৭)

তারিখ : ০২ কার্তিক ১৪২৮  
১৮ অক্টোবর ২০২১

**বিষয়ঃ শিল্পনগরী সংক্রান্ত গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ গত ২২/০৮/২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিল্পনগরী সংক্রান্ত কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিসিকের সংশ্লিষ্ট বিভাগ/শাখা, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় সহ সকল কার্যালয়কে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন এবং যথাযথভাবে মেনে চলার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- ১) শিল্পনগরী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারি শিল্পনগরী সংক্রান্ত নীতিমালা, বিধি-বিধান এবং কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শিল্পনগরী পরিচালনা করবেন কিন্তু প্রায়ই দেখা যায় এ সকল বিধি-বিধান নির্দেশনা উপেক্ষা করে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। যার ফলে শিল্পনগরীসমূহে বৃদ্ধ/বন্ধ শিল্প ইউনিটের সংখ্যা বেড়ে যাওয়াসহ বিভিন্ন অব্যবস্থাপনা দেখা দিচ্ছে। সুতরাং, শিল্পনগরীর নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা অত্যাবশ্যিক। বিসিক প্রধান কার্যালয়ের অফিস আদেশের স্মারক নং: ৩৬.০৯৪.০১০.১০.০০.৩৯১(১).২০১২-১৩/৩২৯(৪); তারিখ: ১৩-০৮-২০১৩খ্রিঃ এর ১১নং অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ করা আছে যে, “বিসিকের বা সরকারের আর্থিক ক্ষতি হয় জেনে শুনে এমন কাজে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহায়তা করা কিংবা দায়িত্ব ও কর্তব্যের বিষয়ে শৈথিল্য প্রদর্শন করা কিংবা জেনেও না জানার ভান করে থাকার কোন প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে” যা অবশ্যই প্রতিপালনীয়।
- ২) শিল্পনগরীর সার্ভিস চার্জ, পানির বিল, ভূমির খাজনা, জমির কিস্তিসহ অন্যান্য সকল আদায় নির্ধারিত হারে যথাসময়ে আদায় করা শিল্পনগরী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির অন্যতম দায়িত্ব। এক্ষেত্রে কোন আদায় বকেয়া হলে তার উপর নির্ধারিত হার অনুযায়ী সুদ ধার্য করে আসলসহ সম্পূর্ণ টাকা আদায় করতে হবে। শিল্পনগরীতে বিদ্যমান শিল্প কারখানা/ প্রতিষ্ঠানের নিকট হতে প্লট বরাদ্দের পর থেকে বর্তমান পর্যন্ত বিসিকের পাওনা সঠিকভাবে আদায় হয়েছে কিনা তা শিল্পনগরী কর্মকর্তা ও জেলা প্রধান দ্রুত নিশ্চিত করবেন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক বিষয়টি তদারক করবেন।

(মোঃ মোশতাক হাসান, এনডিসি)  
চেয়ারম্যান,  
বিসিক, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অর্থ)/পরিচালক (দক্ষতা ও প্রযুক্তি)/পরিচালক(বিপণন, নকশা ও কান্ডুশিল্প)/পরিচালক (পরিকল্পনা ও গবেষণা)/পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)/পরিচালক(প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক, ঢাকা।
- ২। সচিব, বিসিক, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৪। সকল বিভাগ/শাখা/কার্যালয় প্রধান-

অনুলিপি:

- ০১। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।
- ০৩। অফিস কপি।